



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-.....

তারিখ:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার,
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
বিষয় : ম্যানেজিং কমিটি নির্বাচনে প্রিজাইডিং অফিসার নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন “ডা: তাসমিনা মতিন উচ্চ বিদ্যালয়” এর নবগঠিত ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য বোর্ড জমা দেয়া হলে কমিটির অনুমোদন প্রক্রিয়াধীন থাকা অবস্থায় প্রস্তাবিত কমিটির সভাপতির বিরুদ্ধে দাতা সদস্য মো: সালেহ মাহমুদ মিঞা (বাবু) বিধি মোতাবেক অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে কমিটি অনুমোদনের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধান্তের জন্য প্রেরিত হলে তিনি কমিটির অনুমোদন এবং অভিযোগ তদন্তের নির্দেশ দেন। তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় নির্দেশনা বাস্তবায়ন কালে উক্ত বিদ্যালয়ের জনৈক অভিভাবক সদস্য এই মর্মে বোর্ডে আবেদন করেন যে, উল্লিখিত নির্বাচনের প্রিজাইডিং অফিসার নিয়োগদান বিধিসম্মত হয়নি। অভিভাবক সদস্য এই মর্মে বোর্ডে আবেদন করেন যে, উপস্থিত বিষয়টির সত্যতা যাচাই এর জন্য দাখিলকৃত কাগজপত্র যাচাই কালে দেখা যায় যে, আপনার দপ্তরের ০৭-১০-২০১৯ তারিখের ০৫.৪৩.৮৮৭৮.০০০.০৩.০২৯.১৯.১৫৮২ স্মারকের পত্রে সিরাজগঞ্জ সদরের সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা মো: আবুল হোসেনকে ম্যানেজিং কমিটি নির্বাচনের প্রিজাইডিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে।

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী প্রবিধানমালা ২০০৯ এর ১৫ (২) ধারায় বলা হয়েছে, প্রতিষ্ঠান প্রধানের লিখিত আবেদনের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার, “ ম্যানেজিং কমিটির কোন সদস্য বা সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত কোন ব্যক্তি ব্যতীত, কোন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন।

উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং তিনি প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা নন। তার তত্ত্বাবধানে এবং পরিচালনায় গঠিত কমিটি বোর্ড কর্তৃক অনুমোদিত হলে তা বিধিসম্মত হবেনা এবং আইনগত জটিলতা সৃষ্টি হবে। বিধায় প্রবিধানমালা ২০০৯ এর ১৫ (২) ধারা অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

Car:-

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ৪/৩৯/৪৬/১৭২০

তারিখ: ২৭/০২/২০২০

✓ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

১। প্রধান শিক্ষক,

ডা: তাসমিনা মতিন উচ্চ বিদ্যালয়,

ডাক: কালিদাসগাতী, উপজেলা: সিরাজগঞ্জ সদর, জেলা: সিরাজগঞ্জ।

২। অফিস কপি।

SCHOOL_G/Rizaul_ F.D.R.-peg/699

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

Car:-

০৭২১/০২/১৭২০

০৭২১/০২/১৭২০



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং-/...../.....

২/৪৫/৮/২৭৫৫

তারিখ: ২৭/০২/২০২০

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক

চকশিমলা উচ্চ বিদ্যালয়,

ডাক : হাটকালুপাড়া, উপজেলা : আত্রাই, জেলা : নওগাঁ।

বিষয় : ম্যানেজিং কমিটির প্রস্তাবিত সভাপতির পরিবর্তে নতুন সভাপতি নির্বাচন করে বোর্ডে দাখিল প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-১৫ তারিখ: ২২/১২/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিস্ফুটনে জানানো যাচ্ছে যে, প্রবিধানমালা ২০০৯ এর ৮ (৩) ধারা অনুযায়ী “কমিটির সদস্যগণের মধ্য হইতে অথবা শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জন প্রতিনিধি বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে ম্যানেজিং কমিটির একজন সভাপতি নির্বাচিত হইবেন।” প্রবিধানমালার উল্লিখিত বিধান মতে দাখিলকৃত ম্যানেজিং কমিটির প্রস্তাবিত সভাপতি জনাব মো: ওমর ফারুক সভাপতি হতে পারেন না। মো: ওমর ফারুক নওগাঁ জেলার আত্রাই উপজেলার বড় শিমলা মহিলা কলেজের সহকারী গ্রহাগারিক পদে কর্মরত, ম্যানেজিং কমিটির সভাপতি পদের জন্য তিনি উপযুক্ত নন মর্মে বোর্ডের আইন উপদেষ্টা অভিমত ব্যক্ত করেছেন। বিধায়, তার পরিবর্তে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে নির্ধারিত ক্যাটাগরীভুক্ত কাউকে সভাপতি নির্বাচন করে তার জাতীয় পরিচয় পত্র, জীবন বৃত্তান্তসহ প্রয়োজনীয় কাগজপত্র জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমাদানের জন্য নির্দেশ দেয়া হ’ল।

২৭/০২/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

২৭/০২/২০২০
২৭/০২/২০২০